৩

**2024**

# BENGALI

## ( Regular Generic )

Paper : BEN–RG–5016

( কিশোর সাহিত্য )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'খাই খাই' ছড়ায় জাপান দেশের লোকের যে খাবারের উল্লেখ আছে তার নাম লেখো।

(খ) ''বলতে পারিস, সূর্যি কেন ওঠে?'' 'জীবনের হিসাব'— এই ছড়াটিতে একথা কে বলেছিল?

(গ) 'নাচের বাতিক' ছড়ায় উল্লিখিত বুড়োর বয়স কত?

(ঘ) নালককে ছেড়ে দেবল ঋষি কোথায় গিয়েছিলেন?

(ঙ) দেব-দানব-মানব মিলে বুদ্ধদেবের কোথায় অভিষেক করেছিলেন?

(চ) লুম্বিনী বাগান কোথায় অবস্থিত?

(ছ) গন্ধর্বকুমারের কোন্ আঙুলে হীরের আংটি ছিল?

(জ) বৈশালিতে কোন্ পণ্ডিতের সঙ্গে সিদ্ধার্থের সাক্ষাৎ হয়েছিল?

(ঝ) হাবুলের ফুটবল খেলার কোচের নাম কী ছিল?

(ঞ) রতনবাবুর নাতির নাম কী?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) 'বিষম-চিন্তা' ছড়ায় উদ্ধৃত চিন্তাজনক দুটি প্রশ্নের উল্লেখ করো।

(খ) 'নাচের বাতিক' ছড়ায় বুড়োর কীসের বাতিক ছিল? তিনি কী কাজ করতেন?

(গ) সিদ্ধার্থের পত্নী ও পুত্রের নাম লেখো।

(ঘ) "কপিলাবস্তুতে বুদ্ধদেব জন্ম নেবেন, আমি তার দর্শনে চললেম, তুমি সাবধানে থেকো।" একথা কে, কাকে বলেছিলেন?

(ঙ) "একটা জোচ্চোরকে জুটিয়ে এনে আমার সর্বনাশ করলি।" উক্তিটি কার? এখানে 'জোচ্চোর' বলতে কাকে বোঝানো হয়েছে?





৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'খাই খাই' ছড়া অনুসরণে বিদেশের একটি খাদ্য তালিকা প্রস্তুত করো।

(খ) ঠাকুরদাদার হারিয়ে যাওয়া চশমা খোঁজার কাহিনিটি বর্ণনা করো।

(গ) জন্মের পর ব্রাহ্মণরা বুদ্ধদেবের নাম 'সিদ্ধার্থ' কেন রেখেছিলেন, লেখো।

(ঘ) দেবল ঋষির আশ্রমের বর্ণনা দাও।

(ঙ) 'হীরের আংটি' উপন্যাসের অন্তর্গত 'দাদুর ঘরের দরজা' অংশটি সংক্ষেপে আলোচনা করো।

(চ) ষষ্ঠীর অচেনা যে ছেলেটি কুমোরপাড়ায় এসেছিল সেই ছেলেটি সম্পর্কে লেখো।

৪। (ক) 'বিষম চিন্তা' ছড়াটির বিষয়বস্তু আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'খাই খাই' ছড়াটির সারমর্ম লেখো।

৫। (ক) 'নালক' অবলম্বনে বুদ্ধের জন্মকাহিনি বর্ণনা করো। ১০

*অথবা*

(খ) নালক কীভাবে বুদ্ধদেবের দর্শন লাভ করেছে তা তোমার নিজের ভাষায় লেখো।

৬। (ক) 'হীরের আংটি' উপন্যাসে ষষ্ঠী চরিত্রটির গুরুত্ব আলোচনা করো। ১০

*অথবা*

(খ) কিশোর সাহিত্য কাকে বলে? কিশোর সাহিত্য হিসেবে 'হীরের আংটি' উপন্যাসের সার্থকতা বিচার করো। ৩+৭=১০

৭। (ক) 'নাচের বাতিক' ছড়াটির বিষয়বস্তু আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'হীরের আংটি' উপন্যাসের রতন বাড়ুজ্যে চরিত্রটি আলোচনা করো।

★★★